

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭০৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. প্রথম অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

بَابُ الْمُسَاجِدِ وَمَوَاضِعِ الصَّلَاةِ

আরবী

وَعَنْ أَنَسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الْبُزَاقُ فِي الْمَسْجِدِ خَطِيئة وكفارتها دَفنهَا»

বাংলা

৭০৮-[২০] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মসজিদে থুথু ফেলা গুনাহ। (যদি কেউ ফেলে) তার ক্ষতিপূরণ হলো ঐ থুথু মাটিতে পুঁতে ফেলা। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৪১৫, মুসলিম ৫৫২, আবূ দাউদ ৪৭৫, তিরমিয়ী ৫৭২, আহমাদ ১৩৯০৬, দারেমী ১৪৩৫, সহীহ আল জামি' ২৮৮৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ইবনু হাজার বলেন, কেউ যদি মসজিদের বাহির হতে মসজিদে থুথু ফেলে তবুও নিষেধাজ্ঞার অন্তর্ভুক্ত হবে।

কাষী 'ইয়ায বলেন, পাপ তখন হবে যখন দাফন করবে না আর যদি দাফন করে তাহলে পাপ হবে না। আর নাবাবী বলেনঃ দাফন করুক বা না করুক উভয় অবস্থায় পাপ হবে।

কারো মতে, মাসজিদ যদি মাটিযুক্ত না হয় বরং চট বা গালিচা বিছানো থাকে তাহলে থুথু বাম পায়ের নীচে ফেলবে।

আমি ভাষ্যকার বলি, যখন থুথু প্রতিহত করার প্রয়োজন হয় আর মাসজিদ মস্ণ ও টাইলস্ যুক্ত হয় তাহলে বাম



পায়ের নীচে ফেলবে এবং পা দ্বারা মিটাবে যাতে আর থুথুর আর চিহ্ন না থাকে। এর উপর হাদীসের মর্মার্থ প্রমাণ করে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন